গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.১৭৫

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮
১১ জুলাই ২০২১

বিষয়: **মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-২৬৪৬/২০২১ মামলার রুলনিশি নির্দেশনা মোতাবেক বাদীর আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভি সি জনাব হারুন-অর-রশিদসহ দুর্নীতিবাজ কর্মকর্তাদের শত শত কোটি টাকা আত্মসাতের অভিযোগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা কর্মচারীদের পক্ষে থেকে জনাব কামরুল ইসলাম ১১/০১/২০২১ তারিখে চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর আবেদন করেন।

আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় জনাব রুস্তম আলী মাহমুদ (এডভোকেট), সুপীম কোর্ট বার অ্যাসোসিয়েশন বিল্ডিং, শাহবাগ, ঢাকা মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৬৪৬/২০২১ মামলা দায়ের করেন। এ মামলায় ১৫/০৩/২০২১ তারিখে নিম্নরূপ অন্তবর্তীকালীন আদেশ প্রদান করেন;

"pending hearing of the Rule Nisi, the Anti- Coruption Commission, Segunbagicha, Dhaka is directed to dispose of petitioner's application dated 11.01.2021 (Annexure-A) within 6(six) months from the date of receipt of this order."

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-২৬৪৬/২০২১ মামলার রুলনিশি নির্দেশনা মোতাবেক বাদীর ১১/০১/২০২১ তারিখের আবেদনটি (Annexure-A) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা মহামান্য হাইকোর্টের বিভাগকে অবহিত করে এ বিভাগকে পরবর্তী ব্যবস্থা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১১-৭-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৬৮২
ইমেইল: jalil20012@gmail.com

চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.১৭৫/১(৪)

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮
১১ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১১-৭-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব